# বিচার বিভাগের ব্যর্থতা রাষ্ট্রকেও অকার্যকর করে দেয়: প্রধান বিচারপতি




সংগৃহীত ছবি

প্রধান বিচারপতি সৈয়দ রেফাত আহমেদ বলেছেন, বিচার বিভাগের কার্যকারিতা থমকে গেলে সংবিধানের কণ্ঠস্বর নিস্তব্ধ হয়ে যায়, আর রাষ্ট্রব্যবস্থা ও গণতন্ত্রও গভীর সংকটে পড়ে। শনিবার (২২ নভেম্বর) রাজধানীর একটি হোটেলে আয়োজিত ‘বে অব বেঙ্গল কনভারসেশন’ অনুষ্ঠানে দেওয়া লিখিত বক্তব্যে তিনি এ মত প্রকাশ করেন।

তিনি জানান, বৈশ্বিক অস্থিরতার সময় বিচার বিভাগ সবচেয়ে কঠিন পরীক্ষার মুখোমুখি হয়। এই বিভাগের উন্নয়ন শুধু কাঠামোগত পরিবর্তন নয়—এটি ন্যায়, অধিকার ও গণতন্ত্র রক্ষার লড়াই। জুলাই বিপ্লবের উদাহরণ টেনে তিনি বলেন, তখন জনগণের প্রত্যাশার কেন্দ্রবিন্দু ছিল স্বচ্ছতা, জবাবদিহি ও সক্রিয় জনসাড়া।

অনুষ্ঠানে পররাষ্ট্র উপদেষ্টা তৌহিদ হোসেন বলেন, রোহিঙ্গা সংকট গোটা অঞ্চলের জন্য বড় নিরাপত্তা চ্যালেঞ্জ। সমস্যার স্থায়ী সমাধানে আঞ্চলিক সহযোগিতা বাড়ানো জরুরি। তিনি আরও উল্লেখ করেন, জাতীয় স্বার্থকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে সরকার বঙ্গোপসাগরীয় অঞ্চলসহ বিভিন্ন দেশের সঙ্গে সম্পর্ক জোরদার করছে।